

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ অক্টোবর ২০২২ খ্রি.

দক্ষিণ কোরিয়ার তাইয়ুং প্রতিনিধি দলের সাথে সাক্ষাতে মেয়র পরিচ্ছন্ন নগরী গড়তে বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নের বিকল্প নেই

পরিচ্ছন্ন দূষণমুক্ত সুন্দর নগরী গড়ার প্রত্যয়ে সূষ্ঠ বর্জ্য ব্যবস্থাপনা প্রণয়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সাথে সাক্ষাৎ করছেন দক্ষিণ কোরিয়া তাইয়ুং প্রতিনিধিদল সাক্ষাৎকালে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, পরিচ্ছন্ন নগরী গড়তে বর্জ্য ব্যবস্থাপনায় আধুনিকায়নের বিকল্প নেই। চট্টগ্রাম নগরীকে আমরা পরিচ্ছন্ন ও সুন্দর দেখতে চাই। এ জন্য নগরবাসীকে ইতোমধ্যে দুর্গন্ধমুক্ত সুন্দর ও নির্মল সকাল উপহার দেওয়ার জন্য রাতের বেলা ময়লা আবর্জনা অপসারণের জন্য ডোর টু ডোর কর্মীগণ কাজ করে যাচ্ছে। আজ বুধবার সকালে টাইগারপাসস্থ নগর ভবনের মেয়র দপ্তরে দক্ষিণ কোরিয়ার তাইয়ুং প্রতিনিধিদল সাক্ষাৎ করতে এলে তিনি একথা বলেন।

সাক্ষাৎকালে তাইয়ুং প্রতিনিধিদল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা উপর বিভিন্ন প্রশ্নাবনা উপস্থাপন করে বলেন, বর্তমান বিশ্বে ময়লা অপসারণের ক্ষেত্রে পরিবেশের নিরাপত্তা বায়ু দূষণের বিষয়কে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেয়া হয়। তারা বলেন, নগর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম জিটুজি'র মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে করা সম্ভব। প্রতিনিধি দল নিজস্ব অর্থায়নে এই কার্যক্রম পরিচালনা করার প্রস্তাব দিলে মেয়র রেজাউল করিম চৌধুরী তাদের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব পাঠানোর জন্য প্রতিনিধি দলকে পরামর্শ প্রদান করেন। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে কোরিয়ায় বাস্তবায়িত প্রকল্প সমূহ পরিদর্শনের আমন্ত্রণ জানান দলনেতা কী ইয়াং লীম। মেয়র তাঁদের আমন্ত্রণ সাদরে গ্রহণ করেন।

সাক্ষাৎকালে মেয়র চট্টগ্রাম নগরীকে একটি বিশ্বমানের পরিচ্ছন্ন ও পরিকল্পিত নগর গড়ার প্রত্যয়ে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে সব মহলের সহযোগিতা কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, তাইয়ুং'র নির্বাহী পরিচালক কী ইয়াং লিম, ঢাকার ব্যবস্থাপক ডেভিড ডেই হিউন লী, কন্ট্রাস্ট ম্যানেজার পি এস কিম পুরিউনসল কিম, চট্টগ্রাম চেম্বারের পরিচালক নাজমুল করিম শারন, প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল, আবদুস সালাম মাসুম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতি: প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন প্রমুখ।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে

৩ ব্যক্তিকে ১২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম-১২ অক্টোবর'২০২২খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে ফয়েজলেক রোড, ফয়েজলেক আবাসিক ও লেক ভ্যালী হাউজিং সোসাইটি এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাড়ীর ছাদ বাগান পরিদর্শন করা হয়। এই সময় একটি নির্মাণাধীন ভবনসহ তিনটি বাড়ীতে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩